# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৫৫: বর্তমানে পত্র-পত্রিকায় শোক প্রকাশের এবং মৃতব্যক্তির অভিভাবকদের পক্ষ থেকে শোক প্রকাশকারীদের ধন্যবাদ জানানোর ধূম পড়ে গেছে। এমন রেওয়াজের হুকুম কি? এটি কি নিষিদ্ধ বিলাপ ও মাতমের আওতায় পড়বে? উল্লেখ্য যে, পত্রিকায় শোক প্রকাশ এবং শোক প্রকাশকারীদেরকে ধন্যবাদ জানাতে কখনও পত্রিকার পুরো পৃষ্ঠা লেগে যায়, যার ব্যয়ভার দশ হাযার সঊদী রিয়াল পড়ে। ইহা কি অপচয়ের অন্তর্ভুক্ত হবে?

হ্যাঁ.. আমার মতে, এমন রেওয়াজ নিষিদ্ধ বিলাপের আওতাভুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এমন আমল নিষিদ্ধ বিলাপের আওতাভুক্ত না হলেও অন্ততঃ এতে সম্পদের অপচয় ও অপব্যয় তো হয়ই। মূলতঃ শোক প্রকাশ ধন্যবাদ জানানোর মত কোনো বিষয় নয় যে, মানুষকে পত্রিকার মাধ্যমে এতবেশী উদ্বুদ্ধ হতে হবে। বরং শোক প্রকাশের অর্থ হল, শোকগ্রস্ত ব্যক্তিকে কষ্ট সহ্যের প্রতি শক্তিশালী করে তোলা। এটি ভদ্রতা রক্ষার কোনো বিষয় নয় এবং না কোনো ধন্যবাদ জানানোর বিষয়। মানুষ যদি শোক প্রকাশের অন্তর্নিহিত তাৎপর্য জানত, তাহলে পত্রিকায় শোক প্রকাশ, শোকের জন্য সমবেত হওয়া, খানা-পিনার আয়োজন করা ইত্যাদি কর্মকাণ্ডের ধারে-কাছেও যেত না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1712

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন